রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৯, ২০১৫

## ৩য় খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

### প্রতিরক্ষা মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২০ আশ্বিন ১৪২২/৫ অক্টোবর ২০১৫

**নং ১বি-২৬/৯৩/ডি-১(অংশ-১)/৩০১**—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নসংগঠনের অধীন ৭০৩ মিডিয়াম ওয়ার্কশপ, ইএমই; ঢাকা সেনানিবাসের ২য় শ্রেণির বেসামরিক কর্মকর্তা সিএএসও মোঃ আকবর হোসেন (সিএস-০৪১৩২)-এর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা না থাকায়; অবেক্ষাধীনকাল ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক থাকায় এবং চাকরি স্থায়ীকরণ সংক্রান্ত অন্যান্য তথ্য/কাগজপত্র সঠিক থাকায় উক্ত কর্মকর্তার বর্তমান পদবিতে চাকরিতে যোগদানের তারিখ অর্থাৎ ১৪ আগস্ট ২০১২ থেকে তাঁর চাকরি স্থায়ীকরণ (Confirm) করা হল।

তারিখ, ২৭ আশ্বিন ১৪২২/১২ অক্টোবর ২০১৫

**নং ১ক-১/৯৬/ডি-১/অংশ-৪/৩০৫**—বাংলাদেশ সেনাবাহিনীর ২য় শর্ট সার্ভিস কমিশন (এসএসসি) স্পেশাল কোর্স-ইঞ্জিনিয়ার্স/সিগন্যালস্/ইলেকট্রিক্যাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (ইএমই)-এর ৭ (সাত) জন কর্মকর্তাকে নিম্নবর্ণিত ছক অনুসারে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত কোর ও তারিখ থেকে বাংলাদেশ সেনাবাহিনীতে ক্যাপ্টেন পদবিতে যথাক্রমে স্পেশাল কোর্স-ইঞ্জিনিয়ার্স/সিগন্যালস/ইলেকট্রিক্যাল মেকানিক্যাল ইঞ্জিনিয়ার (ইএমই)-এ কমিশন প্রদান করা হল:

| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর | পদবি ও নাম | কোর/রেজিমেন্ট | কমিশনের তারিখ | প্রশিক্ষণ কাল | একাডেমিতে যোগদানের তারিখ থেকে পশ্চাৎপ্রবীণতা |
| (১) | বিএসএস-৮৯১৯ | ক্যাপ্টেন নাজমুল হাসান | সিগন্যালস্ | ১৩ নভেম্বর ২০১৪ | ১৯ অক্টোবর ২০১৪ থেকে ১৩ নভেম্বর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ১৪ অক্টোবর ২০১২ |
| (২) | বিএসএস-৮৯২০ | ক্যাপ্টেন এ টি এম মাসুম | ইঞ্জিনিয়ার্স | | | |
| (৩) | বিএসএস-৮৯২১ | ক্যাপ্টেন মোঃ মাহমুদুল হাসান | ইএমই | | | |
| (৪) | বিএসএস-৮৯২২ | ক্যাপ্টেন নাজমুস সাকিব সিফাত | ইএমই | | | |
| (৫) | বিএসএস-৮৯২৩ | ক্যাপ্টেন মুনতাহীদ মেহেদিল অর্ভীন | ইঞ্জিনিয়ার্স | | | |
| (৬) | বিএসএস-৮৯২৪ | ক্যাপ্টেন মোঃ তৌহিদুর রহমান ইভান | ইএমই | | | |
| (৭) | বিএসএস-৮৯২৫ | ক্যাপ্টেন শাহ্ মোয়াজ্জেম হোসেন | সিগন্যালস্ | | | |

২। উল্লেখ্য, উক্ত কর্মকর্তাগণকে প্রশিক্ষণ প্রতিষ্ঠানে যোগদানের তারিখ ১৫ অক্টোবর ২০১৪ থেকে ২ (দুই) বছর পশ্চাৎপ্রবীণতা প্রদান করা হল।

৩। এ পশ্চাৎপ্রবীণতা তাঁদের জ্যেষ্ঠতা ও পদোন্নতির ক্ষেত্রে প্রযোজ্য হবে তবে তাঁদেরকে কোনরূপ পশ্চাৎ বেতন-ভাতা প্রদান করা হবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শামীম আল মামুন**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ আশ্বিন ১৪২২/৮ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.০৫০.৪৪.০৩০.১৪.৩৯৩**—নির্দেশক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ৯ম গ্রেডভুক্ত নন-ক্যাডার ১ম শ্রেণির নিম্নোক্ত ১ (এক) জন সহকারী ইলেকট্রনিক প্রকৌশলীকে তাঁর নামের বিপরীতে উল্লিখিত তারিখ থেকে ৭ম গ্রেডে সিলেকশন গ্রেড প্রদান করা হল:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | প্রদেয় সিলেকশন গ্রেড এবং প্রাপ্যতার তারিখ | |
|---|---|---|---|
| | | প্রাপ্য স্কেল ও গ্রেড | যে তারিখ থেকে প্রাপ্য |
| (১) | জনাব মোঃ মোমিনুর রহমান<br>সহকারী ইলেকট্রনিক প্রকৌশলী | টাকা ১৫,০০০-৭০০×১৬-২৬,২০০/-<br>৭ম গ্রেড<br>(জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী) | ২০ সেপ্টেম্বর ২০১৪ |

২। উপরে বর্ণিত প্রাপ্যতার মেয়াদ অনুযায়ী সিলেকশন গ্রেড প্রদানের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেল, ২০০৯ প্রযোজ্য হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১৩ আশ্বিন ১৪২২/২৮ সেপ্টেম্বর ২০১৫

**নং প্রম/৪এমই-৩২/পিআরএল/২০১৪/ডি-১২/৪১১**—মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নির্বাহী প্রকৌশলী বি/আর জনাব মোঃ শাহজাহান আলী (ব্যক্তিগত নম্বর ৮০১৯১)-এর জন্ম তারিখ ৩০-০৯-১৯৫৬ অনুযায়ী ২৯-০৯-২০১৫ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে। গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪, (Amendment Act No. XII of 1974) এর ৪ ও ৭ ধারা অনুযায়ী জনাব মোঃ শাহজাহান আলী- এর বয়স ৫৯ বছর পূর্তিতে তাঁকে ২৯-০৯-২০১৫ তারিখ হতে অবসর প্রদান এবং ৩০-০৯-২০১৫ থেকে ২৯-০৯-২০১৬ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হল।

২। অর্থ বিভাগ হতে ৬ এপ্রিল ২০১০ তারিখে জারীকৃত অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী তিনি অবসর এবং পিআরএল কালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

তারিখ, ১৬ আশ্বিন ১৪২২/০১ অক্টোবর ২০১৫

**নং প্রম/৪এমই-১০/স্থায়ী/২০১৩/ডি-১২/৪১৮**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত ১ (এক) জন ১ম শ্রেণির কর্মকর্তার চাকুরি তাঁর বর্তমান পদে যোগদানের তারিখ থেকে সরকার স্থায়ী করেছে :

| ক্রমিক নং | নাম, বর্তমান পদবি ও ব্যক্তিগত নম্বর | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| (১) | মোঃ খলিলুর রহমান<br>সহকারী প্রকৌশলী (বি/আর)<br>ব্যক্তিগত নম্বর-৮০২৪৮ | ০৫-০৬-২০১৪ | ০৫-০৬-২০১৪ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাশেদা জামান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ আশ্বিন ১৪২২/০৮ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.০৬০.১১.০১৭.১১.৫৫৫**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ নৌবাহিনীর নিম্ন সংগঠনের সাংগঠনিক কাঠামোভুক্ত ১ম শ্রেণির বেসামরিক কর্মকর্তা বেগম শরিফা আক্তার, অ্যাসিস্টেন্ট নেভাল স্টোর অফিসার (এএনএসও), (ব্যক্তিগত নং-০৩৩৮) কে তাঁর আবেদন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুপারিশের পরিপ্রেক্ষিতে আগামী ১৩ অক্টোবর ২০১৫ তারিখ থেকে বাংলাদেশ নৌবাহিনীর বেসামরিক চাকরি হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। উক্ত কর্মকর্তা নিয়োগ পত্রের শর্ত অনুযায়ী চাকরি থেকে অব্যাহতির জন্য ৩০ দিন পূর্বে যথাযথ কর্তৃপক্ষের নিকট লিখিতভাবে আবেদন করেছেন এবং তাঁর ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক সরকারি খাতে জমা প্রদান করেছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ আশ্বিন ১৪২২/০৭ অক্টোবর ২০১৫

**নং প্রম/নি-১/১৩(১০)/ডি-১৬/২৫৪**—বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ১৭ জুন ২০১৫ তারিখের ৮০.৩০১(গোপনীয়)/অংশ-১৯৬৪/২০১৫/১০৪ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত এবং নিয়মানুযায়ী পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক সনদ প্রাপ্তির পরিপ্রেক্ষিতে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের "সহকারী পরিচালক (জরিপ)"-এর ৩(তিন)টি ১ম শ্রেণির শূন্য পদে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টাকা ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-(৯ম গ্রেড) বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল:

| ক্রমিক নম্বর | রেজিঃ নম্বর | প্রার্থীর নাম এবং প্রার্থীর পিতা ও মাতার নাম | জেলা |
|---|---|---|---|
| (১) | ০০০০৭২ | মোহাম্মদ আবদুল হাই<br>পিতা: মোহাম্মদ আবদুল মান্নান<br>মাতা: সালেহা খাতুন | কুমিল্লা |
| (২) | ০০০০৭৪ | মোঃ সালেহ উদ্দিন<br>পিতা: মোঃ রেজাউল হক<br>মাতা: রেজিয়া বেগম | নোয়াখালী |
| (৩) | ০০০১২৬ | মোঃ সাইদুজ জামান<br>পিতা: মোঃ মজিবুল ইসলাম<br>মাতা: সকিনা খাতুন | দিনাজপুর |

**শর্তসমূহ :**

(ক) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। চাকরিতে যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছর তাঁরা শিক্ষানবিস হিসাবে থাকবেন। শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে তাঁদেরকে নিয়মিত করা হবে। প্রয়োজনবোধে এ সময়সীমা আরও ২ বছর পর্যন্ত বর্ধিত করা হবে। শিক্ষানবিসকালের মধ্যে কর্মকর্তাগণের কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) কর্মকর্তাগণকে বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সাথে উত্তীর্ণ হওয়ার উপর তাঁদের চাকরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;

(গ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে নিয়োগ বাতিল করতে পারবেন;

(ঘ) চাকরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সংশ্লিষ্ট নিয়োগ-বিধি তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং তাঁদের জ্যেষ্ঠতা সরকারি বিধি অনুযায়ী নির্ধারিত হবে;

(ঙ) বাংলাদেশের ভেতরে বা বাইরে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের কোন অফিস থাকলে/খোলা হলে এবং সেখানে তাঁদেরকে অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তাঁরা কাজ করতে বাধ্য থাকবেন; এবং

(চ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা কর্মকর্তাগণের চাকরি নিয়ন্ত্রিত হবে।

২। চাকরিতে যোগদানের পূর্বে তাঁদেরকে নিম্নবর্ণিত প্রমাণসমূহ দাখিল করতে হবে:

ক। ১ম শ্রেণির ২ (দুই) জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি);

খ। এস.এস.সি. সহ সকল পরীক্ষা পাশের সনদপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

গ। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত স্থায়ী বাসভূমি প্রমাণের সনদপত্র।

৩। উল্লিখিত শর্তাবলীতে সম্মত হলে আগামী ৪ নভেম্বর, ২০১৫ তারিখের মধ্যে সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-এর বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৯ আশ্বিন ১৪২২/০৪ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৮.১৫-৩৪৩**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬২৫০ মেজর আবু হাছানাত মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম ভূঞা, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্স্) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্স্) ৭৮(সি), ২৫৩ সি (ii), ২৬১ সংশোধিত আর্মি রেগুলেশন্স্ (রুল্স্) ২৬২ (৪), আর্মি রেগুলেশন্স্ (ইনস্ট্রাকশন্স) ১৬৮ (বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ এর রুল ৯ (ক) ও ৫ (বি) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো। উক্ত কর্মকর্তার প্রাপ্য অবসর ভাতা থেকে ২০% স্ত্রী (মিসেস শাহানা ইয়াছমিন-ডালিয়া) এবং ২৫% পুত্র (জারান ফারজিন হাছনাত)-কে প্রদানসহ কর্মকর্তা নিজে অবসর ভাতার ৫৫% সহ প্রাপ্য সুযোগ-সুবিধা পাবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ কার্তিক ১৪২২/২১ অক্টোবর ২০১৫

**নং প্রম/৪এমই-৩২/পিআরএল/২০১৪/ডি-১২/৪৩০**—মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা জনাব এইচ এম ফারুকুল ইসলাম (ব্যক্তিগত নম্বর ৮০২১০)-এর জন্ম তারিখ ১৩-১১-১৯৫৬ অনুযায়ী ১২-১১-২০১৫ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে। গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪, (Amendment Act No. XII of 1974) এর ৪ ও ৭ ধারা অনুযায়ী জনাব এইচ এম ফারুকুল ইসলাম-এর বয়স ৫৯ বছর পূর্তিতে তাঁকে ১২-১১-২০১৫ তারিখ হতে অবসর প্রদান এবং ১৩-১১-২০১৫ থেকে ১২-১১-২০১৬ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হল।

২। অর্থ বিভাগ হতে ৬ এপ্রিল ২০১০ তারিখে জারীকৃত অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ নম্বর প্রজ্ঞাপন অনুযায়ী তিনি অবসর এবং পিআরএল কালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**রাশেদা জামান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩ কার্তিক ১৪২২/১৮ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.১৮০.১১.০৩১.১১-৩৬২**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১৯১২ লেঃ জেনারেল আনোয়ার হোসেন, এনডিসি, পিএসসি-কে আর্মি রেগুলেশন্স (রুল্স্) ১৩৯ (এ) (বি) (সি) (ডি) অনুযায়ী রেজিমেন্ট অব আর্টিলারি কোর-এর 'কর্নেল কমান্ড্যান্ট' হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

তারিখ, ৬ কার্তিক ১৪২২/২১ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.০৭৪.১০-৩৬৩**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত নিম্নবর্ণিত ২ (দুই) জন কর্মকর্তাকে তাঁদের নামের পার্শ্বে উল্লিখিত প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত পদে এবং বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ | পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ ওবায়দুর রহমান<br>উপপরিচালক<br>পরিচিতি নম্বর ০৪৬ | অতিরিক্ত পরিচালক | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০/-<br>ও<br>৫ম গ্রেড |
| (২) | জনাব মোঃ সাজ্জাদ তাইমুর<br>উপপরিচালক<br>পরিচিতি নম্বর ০৪৮ | অতিরিক্ত পরিচালক | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০/-<br>ও<br>৫ম গ্রেড |

২। The Civilian Personal in the Directorate General of Forces Intelligence (Intelligence and Security) Recruitment Rules, 1984'-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিসকালে তাঁদের আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁদেরকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁদের চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.০৬৯.০৯-৩৬৪**—প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন সেনাসদরে নিয়োজিত নিম্নবর্ণিত ১ (এক) জন কর্মকর্তাকে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সাংগঠনিক কাঠামোভুক্ত পদে এবং নিম্নোক্ত বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদ | পদোন্নতিপ্রাপ্ত পদের বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ হুমায়ুন শরীফ<br>সিভিলিয়ান স্টাফ অফিসার-২<br>(নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ০৩৩ | সিভিলিয়ান স্টাফ অফিসার-১<br>(নন-টেকনিক্যাল) | টাকা ২২২৫০-৯০০×১০-৩১২৫০/-<br>ও<br>৫ম গ্রেড |

২। The Armed Forces Headquarters Civilian Officers Recruitment Rules, 1982'-এর ৬(১)(বি) বিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তা যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২ (দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিসকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে পদাবনতি (Revert) করতে পারবেন।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৮.১৫-৩৬৬**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৬১৯৮ মেজর এ কে এম হাবিবুল হক, পদাতিক-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্‌স্‌) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্‌) ৭৮(সি), ২৫৩ সি (ii), ২৬১ সংশোধিত আর্মি রেগুলেশন্স্‌ (রুল্‌স্‌) ২৬২ (৪), আর্মি রেগুলেশন্স্‌ (ইনস্ট্রাকশন্স) ১৬৮ (বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ এর রুল ৯ (ক) ও ৫ (বি) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো। উক্ত কর্মকর্তার প্রাপ্য পেনশন থেকে ৫০% কর্তন করে তাঁকে ৫০%, তাঁর পুত্র (আবিয়ান মুস্তারিন কাশিফুল হক)-কে ২৫% এবং তাঁর কন্যা (সাহিরা আফসিন আরিয়ানা)-কে ২৫% প্রদানসহ প্রাপ্য সুযোগ-সুবিধা পাবেন।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

**সংশোধিত প্রজ্ঞাপন**

তারিখ, ৬ কার্তিক ১৪২২/২১ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৪৩.১৩-৩৬৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএসএস-১৮৪৬ মেজর মোঃ আব্দুল কাদের তালুকদার, পদাতিক (অবঃ)-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্‌স্‌) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্‌) ২৫৩ সি (ii), ২৬১ এবং আর্মি রেগুলেশন্স্‌ (ইনস্ট্রাকশন্স) ১৬৮ অনুযায়ী অবসরের তারিখ ২০ মে ১৯৯৯ বলবৎ রেখে সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন (এমএস অপশন) অবসর প্রদান করা হলো।

২। উল্লেখ্য, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ইতঃপূর্বে জারিকৃত অকালীন (বাধ্যতামূলক) অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন প্রম/সাঃস/বা-অ/৯৯/ডি-১৮/৯৮, তারিখ ১০ মে ১৯৯৯ এতদ্দ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ, ৬ কার্তিক ১৪২২/২১ অক্টোবর ২০১৫

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৫৭.১৫-৩৬৯**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৩৭২৬ কর্নেল মোহাম্মদ মাহফুজুর রহমান, এসপিপি-কে বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট (রুল্‌স্‌) ১২(১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্‌) ৭৮(সি) ২৫৩ সি (ii), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স্‌ (রুল্‌স্‌) ২৬২ (৪), আর্মি রেগুলেশন্স্‌ (ইনস্ট্রাকশন্স) ১৬৮ (বি) এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১ এর রুল ৯ (ক) অনুযায়ী সেনাবাহিনীর চাকরি থেকে অকালীন অবসর প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।